

তারিখ: ০৫/১০/২০২১খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে কোটার মেধা তালিকায় ভর্তি ও ২য় মেধা তালিকার বিষয় পরিবর্তনের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাজশাহী সরকারি সিটি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করার জন্য বলা হচ্ছে। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে বথাবথভাবে পূরণকৃত ভর্তি ফরম প্রিন্ট নিতে হবে।

ভর্তির প্রক্রিয়া:

নির্বাচিত শিক্ষার্থীরা রাজশাহী সরকারি সিটি কলেজের ওয়েবসাইটে (www.rgcc.ac.bd) প্রবেশ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল নম্বর ব্যবহার করে নিম্নবর্ণিত পদ্ধতিতে ভর্তির জন্য নির্ধারিত ফি ডাচ-বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ০৯/১০/২০২১ খ্রি. হতে ১১/১০/২০২১খ্রি. তারিখের মধ্যে পেমেন্ট করে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো।

ক. মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যেতে হবে।

খ. '1' (One) সিলেক্ট করতে হবে।

গ. রাজশাহী সরকারি সিটি কলেজের Biller ID '2363' টাইপ করতে হবে।

ঘ. Bill No. এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল টাইপ করতে হবে।

ঙ. নির্ধারিত টাকার পরিমাণ লিখতে হবে (বিজ্ঞান শাখা- ৫,৬৫৫/-টাকা এবং মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা- ৪,৯৫৫/- টাকা)

চ. একাউন্ট হোল্ডারের চার সংখ্যার পিন টাইপ করতে হবে।

ছ. OK অথবা Send বাটন ক্লিক করলে একটি Trx. ID পাওয়া যাবে।

এই Trx. ID ব্যবহার করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

মোট ফি এর বিবরণী:

গ্রুপ	মোট টাকা	অনলাইন ও ব্যাংক চার্জ	সর্বমোট
বিজ্ঞান	৫,৬২০/-	৩৫/-	৫,৬৫৫/-
মানবিক	৪,৯২০/-	৩৫/-	৪,৯৫৫/-
ব্যবসায় শিক্ষা	৪,৯২০/-	৩৫/-	৪,৯৫৫/-

ভর্তির প্রয়োজনীয় কাগজপত্র:

ক. প্রাথমিক আবেদন ফরম এবং চূড়ান্ত ভর্তির আবেদন ফরম;

খ. এসএসসি ও এইচএসসি (সমমান) পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের মূল কপি ও ফটোকপি;

গ. সদ্যতোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

ঘ. অনলাইনে টাকা জমা দেয়ার রশিদ।

ঙ. আদিবাসি ও প্রতিবন্ধী কোটার নির্বাচিতদের উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

চ. মুক্তিযোদ্ধা কোটার নির্বাচিতদের উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের উল্লেখসহ প্রত্যয়নপত্র জমা দিতে হবে ও মুক্তিযোদ্ধার সাময়িক সনদপত্র দেখাতে হবে।

প্রয়োজনে যোগাযোগ:

ক্রমিক নং	নাম	পদবী	মোবাইল নম্বর
০১।	মোঃ গোলাম হোসেন	সহকারী অধ্যাপক	০১৭১৯-৪৭৬৫৫৫
০২।	মোঃ জাহাঙ্গীর আলম	প্রভাষক	০১৭২২-৬৭৫৫৮৪
০৩।	মোঃ নাসিম সারোয়ার	প্রভাষক	০১৯১৪-৯৯৫১৭৪

বিদ্রঃ যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে নতুন ফরম ডাউনলোড করে পরিবর্তিত বিভাগে জমা দেয়ার জন্য বলা হলো।।

অধ্যক্ষ ০৫.১০.২১

রাজশাহী সরকারি সিটি কলেজ।